

# PEOPLE'S REPUBLIC OF BANGLADESH FLAG RULES, 1972

*(Revised up to August, 2023)*


**CABINET DIVISION**

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

# PEOPLE'S REPUBLIC OF BANGLADESH FLAG RULES, 1972

*(Revised up to August, 2023)*

**CABINET DIVISION**

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
**PRESIDENT'S SECRETARIAT**
**Cabinet Division**

# PEOPLE'S REPUBLIC OF BANGLADESH FLAG RULES

1. **Title and date of effect:**
   (a) These Rules shall be known as the People's Republic of Bangladesh Flag Rules, 1972.
   (b) They shall come into effect immediately.

2. **Definitions:**
   In these rules, unless the context otherwise requires—
   I. 'Flag' means the 'National Flag' of the People's Republic of Bangladesh.

3. **Description and size of the 'Flag':**

The 'National Flag' will be in bottle green and rectangular in size in the proportion of length to width 10:6 bearing a red circle on the body of the green. The red circle will have a radius of one-fifth of the length of the flag. Its centre will be placed on the intersecting point of the perpendicular drawn from the nine-twentieth part of the length of the flag and the horizontal line drawn through the middle of its width.

I. **Colour—**
   (a) The green base of the flag will be of Procion Brilliant Green H-2RS 50 parts per 1000.
   (b) The red circular part will be of Procion Brilliant Orange H-2RS 60 parts per 1000.

II. **Size of the 'Flag' for Building—**
   (a) $10' \times 6'$
   (b) $5' \times 3'$
   (c) $2\frac{1}{2}' \times 1\frac{1}{2}'$

[1][Depending on the size of the Building and in case of necessity, a flag of bigger size maintaining the proportion of length and width may be allowed by the Government to be flown.]

III. **Size of the 'Flag' for Car—**
   (a) 15″×9″.........................For big cars.
   (b) 10″×6″.........................For small and medium size cars.

---

Note :—[1][Substituted by Notification No. SRO 185/law/89-dated, Dhaka, 30 Jaistha, 1396/ 13 June, 1989]

IV. **Size of the 'Table Flag' for international and bilateral conferences—** 10″×6″

*Explanation*—

(a) When the length of the 'Flag' is 10′ its width will be 6′.

(b) The radius of the red circle in the 'Flag' will be 2′.

(c) Draw a perpendicular on $4\frac{1}{2}'$ from the left hand of the length of the 'Flag' and a horizontal line from the middle of its width.

(d) The Centre of the red circle will be at the point of intersection of these two lines.

4. **Occasions on which the Bangladesh Flag is to be flown:**

[1]["I. On the following days and occasions 'Bangladesh Flag' shall be flown on public and private buildings throughout Bangladesh and the office premises of Bangladesh Diplomatic Missions and Consular posts in the manner as stated below:

(a) Birthday of the Holy Prophet (Eid-e-Milad-Un-Nabi).

(b) Historic 7th March Day on the 7th March.

(c) Birthday of the Father of the Nation and National Children's Day on the 17th March.

(d) Independence Day on the 26th March.

(e) Victory Day on the 16th December.

(f) Any other day as may be notified by the Government."]

[2]["II. The 'Flag' shall be flown half-mast on the following days:

(a) Shaheed Day on the 21st February;

(b) National Mourning Day on the 15th August; and

(c) All other days as may be notified by the Government."]

5. The 'Flag' shall be flown over Bangladesh Diplomatic Missions and Consular posts in foreign countries in accordance with the custom of the country in which the Bangladesh Mission is situated. In countries where it is not the custom to fly the flag daily, the 'Bangladesh Flag' shall be flown on the days specified in rule 4 as well as on days on which flags are normally flown in those countries. But in the countries where flags are flown daily, a special large flag shall be flown.

6. **Use of the Flag on Government Buildings, Official Residence, Motor Cars, etc.—**

I. The 'Bangladesh Flag' shall be flown on all working days on important Government Buildings and Offices, *e.g.,* the President House, Legislative Assembly Building's, etc. all Ministries and the Secretariat Buildings of the

---

*Note :*— [1] Amended vide SRO no. 90-law/2023, dated, 25 April 2023.

[2]Amended vide SRO no. 245-law/2008-CD-5/1/2007-Rules, dated, 11 August 2008.

People's Republic of Bangladesh, Offices of the High Court, Courts of District and Session Judges, Offices of the Commissioners of Divisions, Deputy Commissioner/Collectors, Chairman, Upazila Parishad, Central and District Jails, Police Stations, [1][Custom Posts, Primary, Secondary and Higher Secondary level Educational Institutions and such other buildings] as may be notified by the Government from time to time.

[2][“II. The ‘Flag’ shall be flown on the official residence of the following persons :

(a) The President.
(b) The Prime Minister.
(c) The Speaker of Parliament.
(d) The Chief Justice of Bangladesh.
(e) Cabinet Ministers.
(f) Chief Whip.
(g) Deputy Speaker of Parliament.
(h) The Leader of the Opposition in Parliament.
(i) Persons accorded the status of a Cabinet Minister.
(j) Ministers of State.
(k) Persons accorded the status of a Minister of State.
(l) Deputy Ministers.
(m) Persons accorded the status of a Deputy Minister.
(n) Heads of Diplomatic/Consular Missions of Bangladesh in foreign countries.
(o) Chairmen of Parbattya Zilla Parishads of Rangamati, Khagrachari and Bandarban.

III. The President and the Prime Minister shall be entitled to fly the ‘Bangladesh Flag’ on Motor Vehicles, Vessels and Aeroplanes.

IV. The following persons shall be entitled to fly the ‘Bangladesh Flag’ on Motor Vehicles and Vessels:

(a) The Speaker of Parliament.
(b) The Chief Justice of Bangladesh.
(c) Cabinet Ministers.
(d) Chief Whip.
(e) Deputy Speaker of Parliament.
(f) The Leader of the Opposition in Parliament.
(g) Persons accorded status of a Cabinet Minister.
(h) Heads of Diplomatic/Consular Missions of Bangladesh in foreign countries.

V. Minister of State and persons accorded the status of a Minister of State, Deputy Ministers and Persons accorded the status of a Deputy Minister while on tour outside the capital within the country or abroad, shall be entitled to fly the ‘Bangladesh Flag’ on motor Vehicles and Vessels.”]

***Note***—The ‘Flag’ shall be flown only when the dignitary concerned is in the car or vessels.

---

***Note :***— [1]Amended vide No. CD-5-1-1988-Rules (part-2)-28, dated, 28-02-2001.

[2]Amended vide Cabinet Division Notification No. CD-5/1/88-Rules (part-2)-28, dated 28th February-2001.

7. **Maintenance of the dignity of the 'Flag':**

I. Due honour and respect shall always be shown to the 'Flag'.

II. The 'Flag' shall never be draped over the hold, top side or back of a vehicle, railway train or boat.

III. The place of honour shall be reserved for the 'Bangladesh Flag' when it is accompanied by flags or colours of other foreign countries.

IV. If there are only two flags or colours the 'Bangladesh Flag' shall be flown at the right of the building.

V. When the number of flags is more than two the 'Bangladesh Flag' shall be placed at the centre if the number of flags is odd; it shall be flown the first to the right of the centre if the number is even.

VI. When the 'Flag' is displayed with another flag against a wall from crossed staff, the 'Flag' shall be on the crossed Flag's own right (*i.e.,* to the left of the person facing crossed Flags), and its staff shall be in front of the staff of the other flag.

VII. No other Flag or colour shall be flown above the 'Bangladesh Flag'.

VIII. In processions the 'Flag' shall be carried at the centre or at the right of the procession in the line of march.

IX. In escutcheons the 'Flag' shall be placed in the centre and to the highest point if the number of flags is odd, and at the right of the crest of the escutcheon (*i.e.,* to the left of the persons facing it), if the number is even.

X. When the flag of any other country is flown together with the 'Bangladesh Falg' the later shall be hoisted first and lowered last.

XI. When the flags of two or more countries are displayed, they shall be flown on separate staffs. The flags shall be approximately of equal size.

[1][XII. The flags when flown at half-mast shall first be hoisted to the peak of the flagpole for an instant and then fixed by lowering it down equal to the length of one-fourth of the flagpole. The flag shall again be raised to the peak before it is lowered for the day.

Example-1: If the flagpole is 24 feet in length the distance between the top of the flagpole and top of the flag will be 6 feet.

Example-2: If the flagpole is 28 feet in length the distance between the top of the flagpole and top of the flag will be 7 feet.]

XIII. When the 'Flag' is displayed on a wall, otherwise than by being flown from a staff, it shall be displayed flat. In a public auditorium or meeting, the 'Flag' if displayed, shall be above and behind the speaker. When the 'Flag' is displayed over the middle of the street, it shall be displayed vertically.

***Note :—*** [1]Amended vide SRO 90-law/2023, dated, 25 April 2023.

XIV. The 'Flag' shall not be lowered into the grave or allowed to touch the ground.

XV. The 'Flag' shall not be dipped to any person or any inanimate object.

XVI. The 'Flag' shall never touch any object beneath it such as the floor, water or merchandise.

XVII. The 'Flag' shall never be carried flat or horizontally but always aloft and free.

XVIII. The 'Bangladesh Flag' shall not be used as drapery of any sort whatsoever provided that the use of the 'Flag' may be permitted for draping the bier of a high personage who is given burial with full military honours of full ceremonials.

XIX. The 'Flag' shall not be hoisted, displayed, used, stored in such a manner as will permit it to be easily torn, soiled or damaged in any way.

XX. The 'Flag' shall not be used as a receptacle for receiving, holding, carrying of delivering anything.

XXI. The 'Flag' except with the permission in writing of and in accordance with the conditions, if any, imposed by the Government of the People's Republic of Bangladesh shall not be used in any trade-mark or design or the title of any patent or for the purpose of any trade, business, calling or profession or for any other purpose whatsoever.

XXII. The 'Flag' when it is in such a condition that it can no longer be used, shall be disposed of in a dignified manner, preferably by burying.

XXIII. The 'Flag' shall be hoisted briskly and lowered ceremoniously.

XXIV. During the ceremony of hoisting or lowering the 'Flag' or when the 'Flag' is passing in a parade or in a review, all persons present shall face the 'Flag' and stand to attention.

XXV. When the 'Flag' is hoisted formally, it should be done with the singing of the National Anthem. When the National Anthem is being played and the 'Flag' displayed, all present shall face the 'Flag'. Those in uniform shall salute. When the 'Flag' is not displayed, all present shall stand and face towards the music. Those in uniform shall salute at the first note of the anthem and retain this position until the last note.

XXVI. The 'Flag' shall not be flown at half-mast without the permission of the Government of the People's Republic of Bangladesh, provided that the Head of the Bangladesh Mission in a foreign country shall have discretion to fly the 'Flag' at half-mast on the days when flags are hoisted at half-mast by the Government of the country, to which he is accredited.

8. **General Instructions:**

I. The ‘Flag’ shall be flown only from sunrise to sunset except on cars, vessels and aeroplanes, provided that the ‘Flag’ may be flown at night on buildings on special occasions, such as the night session of the Legislature or the swearing-in-ceremony of the President or of Cabinet Ministers.

II. When the ‘Flag’ is displayed on a motor car the staff, shall be fixed firmly to the chassis or clamped to the radiator-cap.

III. Nothing should be written or imprinted on the ‘Flag’ nor should any mark be made on it on ceremonial or any other occasion.

IV. The ‘Flag’ shall not be used except in accordance with the above rules and as modified from time to time.

V. The use of the ‘Flag’ by the Army, Navy and Air Force shall be governed special rules made for the purpose.

9. **Use of Foreign Flags in Bangladesh:**

I. ‘National Flags’ of foreign countries can be flown on the Chancery building(s) of Diplomatic Missions as well as on Consular Offices in Bangladesh, Heads of Diplomatic Mission may, in addition, fly their ‘National Flags’ on their official residence as well as on their cars.

II. Foreign dignitaries of the following categories can fly their personal standards or the National Flags of their respective countries, in case they have no personal standards, on the place of their residence and on their cars, on State visit to Bangladesh :

*(a)* Heads of States.

*(b)* Visiting Prime Ministers.

*(c)* Ministers of Foreign Governments.

III. In case, on occasions such as the National days a Foreign Mission in Bangladesh holds as social function in a place other than the Chancery or the residence of the Heads of the Mission, it may fly its National Flag there, provided that the ‘Bangladesh Flag’ is flown alongside and is accorded the place of honour.

***Note—*** The privileges cited in Rules above will apply only in case of those countries which offer similar concessions to the People’s Republic of Bangladesh on reciprocal basis.

IV. Except as stated in the above Rules, the flag of a Foreign State shall not be flown on any car or building in Bangladesh without the specific permission of the Government of the People’s Republic of Bangladesh.

**রাষ্ট্রপতির সচিবালয়**
**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপনসমূহ**

ঢাকা, ৩০শে জ্যৈষ্ঠ ১৩৯৬/১৩ই জুন ১৯৮৯

**নং এস, আর, ও ১৮৪-আইন/৮৯**—Bangladesh National Anthem, Flag and Emblem Order, 1972 (P. O. No. 130 of 1972) এর Article 5(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার National Emblem Rules, 1972-এ নিম্নরূপ সংশোধন করিল :—

উপরি-উক্ত Rules এর—

(1) rule 4 এ,—

(ক) clause (a)-তে, "Constituent" শব্দটি বিলুপ্ত হইবে;

(খ) clause (b)-এর পরিবর্তে নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(b) The National Emblem will be exhibited in the office room of the President at Bangabhaban and any other place where he holds office. It may also be exhibited in the conference room of the President.";

(গ) clause (c)-তে, "or the Prime Minister" শব্দগুলি বিলুপ্ত হইবে;

(ঘ) clause (c)-এর পরে নিম্নরূপ clause সন্নিবেশিত হইবে, যথাঃ—

"(cc) The National Emblem will be suitably exhibited on the front and rear portion of the car used by the President.";

(ঙ) clause (e)-এর পরে নিম্নরূপ clause গুলি সংযোজিত হইবে, যথাঃ—

"(f) The National Emblem may be used by the President in his official letter head,

(g) The word "Rashtrapati" should be suitably written beneath the Emblem wherever it is exhibited for the President.".

(2) rule 4 এর পরে নিম্নরূপ rule সন্নিবেশিত হইবে, যথাঃ—

**"4A. Prohibition.**—No person other than those mentioned in rule 4 should use the National Emblem.".

**নং এস, আর, ও ১৮৫-আইন/৮৯**—Bangladesh National Anthem, Flag and Emblem Order, 1972 (P. O. No. 130 of 1972) এর Article 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার People's Republic of Bangladesh Flag Rules, 1972-এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উক্ত Rules এ rule 3 এর Paragraph II এর নীচে "Depending on the size of the Building" শব্দগুলির পরিবর্তে "Depending on the size of the Building, and in case of necessity, a flag of bigger size maintaining the proportion of length and width may be allowed by the Government to be flown" শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মুজিবুল হক**
মন্ত্রিপরিষদ সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৬ ফাল্গুন ১৪০৭/২৮ ফেব্রুয়ারী ২০০১

**নং মপবি-৫/১/৮৮-বিধি(অংশ-২)-২৮—**Bangladesh National Anthem, Flag and Emblem Order, 1972 (P. O. No. 130 of 1972) এর Article 5(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার People's Republic of Bangladesh Flag Rules, 1972-এ নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত Rules এর—

(ক) rule 4 এর Paragraph II এর পরিবর্তে নিম্নরূপ নূতন Paragraph II প্রতিস্থাপিত হইবে, যথা:—

"II. The 'Flag' shall be flown half-mast on the following days :

*(a)* Shaheed Day on the 21st February;

*(b)* National Mourning Day on the 15th August; and

*(c)* All other days as may be notified by the Government.";

(খ) rule 6 এর—

(অ) paragraph I এর "Custom Posts and such other buildings" শব্দগুলির পরিবর্তে "Custom Posts, Primary, Secondary and Higher Secondary level Educational Institutions and such other buildings" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(আ) paragraph II, III, IV এবং V এর পরিবর্তে নিম্নরূপ নূতন paragraph II, III, IV এবং V প্রতিস্থাপিত হইবে, যথা:—

"II. The Flag shall be flown on the official residence of the following persons :

*(a)* The President.

*(b)* The Prime Minister.

*(c)* The Speaker of Parliament.

*(d)* The Chief Justice of Bangladesh.

*(e)* Cabinet Ministers.

*(f)* Chief Whip.

*(g)* Deputy Speaker of Parliament.

*(h)* The Leader of the Opposition in Parliament.

*(i)* Persons accorded the status of a Cabinet Minister.

*(j)* Ministers of State.

*(k)* Persons accorded the status of a Minister of State.

*(l)* Deputy Ministers.

*(m)* Persons accorded the status of a Deputy Minister.

*(n)* Heads of Diplomatic/Consular Missions of Bangladesh in foreign countries.

*(o)* Chairmen of Parbattya Zilla Parishads of Rangamati, Khagrachari and Bandarban;

III. The President and the Prime Minister shall be entitled to fly the ‘Bangladesh Flag’ on Motor Vehicles, Vessels and Aeroplanes.

IV. The following persons shall be entitled to fly the ‘Bangladesh Flag’ on Motor Vehicles and Vessels :

*(a)* The Speaker of Parliament.

*(b)* The Chief Justice of Bangladesh.

*(c)* Cabinet Ministers.

*(d)* Chief Whip.

*(e)* Deputy Speaker of Parliament.

*(f)* The Leader of the Opposition in Parliament.

*(g)* Persons accorded the status of a Cabinet Minister.

*(h)* Heads of Diplomatic/Consular Missions of Bangladesh in foreign countries.

V. Ministers of State and Persons accorded the status of a Minister of State, Deputy Ministers and Persons accorded the status of a Deputy Minister while on tour outside the capital within the country or abroad, shall be entitled to fly the ‘Bangladesh Flag’ on Motor Vehicles and Vessels.”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী সামসুল আলম**
মন্ত্রিপরিষদ সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১৯ শে শ্রাবণ ১৪০৯/৩রা আগস্ট ২০০২

**এস, আর, ও নং ২১৩-আইন/২০০২-মপবি-৫/১/২০০১-বিধি—**Bangladesh National Anthem, Flag and Emblem Order, 1972 (P. O. No. 130 of 1972) এর Article 5(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, People's Republic of Bangladesh Flag Rules, 1972-এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত Rules এর rule 4 এর paragraph II এর পরিবর্তে নিম্নরূপ paragraph II প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"II. The 'Flag' shall be flown half-mast on the following days :

(a) Shaheed Day on the 21st February; and

(b) All other days as may be notified by the Government."।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আ. ন. ম আবদুল হাফিজ**
যুগ্ম-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১১ আগস্ট ২০০৮/২৭ শ্রাবণ ১৪১৫

**এস, আর, ও নং ২৪৫-আইন/২০০৮-মপবি-৫/১/২০০৭-বিধি।**—Bangladesh National Anthem, Flag and Emblem Order, 1972 (P. O. No. 130 of 1972)-এর Article 5(1)-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, People's Republic of Bangladesh Flag Rules, 1972-এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত Rules এর rule 4 এর paragraph II এর পরিবর্তে নিম্নরূপ paragraph II প্রতিস্থাপিত হইবে, যথা:—

"II. The 'Flag' shall be flown at half-mast on the following days :

(a) Shaheed Day on the 21st February;

(b) National Mourning Day on the 15th August; and

(c) All other days as may be notified by the Government."

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আলী ইমাম মজুমদার**
মন্ত্রিপরিষদ সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ/১১ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নং ৩৮-আইন/২০২১।**—Bangladesh National Anthem, Flag and Emblem Order, 1972 (P.O. No. 130 of 1972) এর Article 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার People's Republic of Bangladesh Flag Rules, 1972 এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত Rules এর rule 4 এর paragraph I এর পরিবর্তে নিম্নরূপ paragraph I প্রতিস্থাপিত হইবে, যথা :—

"I. On the following days and occasions 'Bangladesh Flag' shall be flown on public and private buildings throughout Bangladesh and the office premises of Bangladesh Diplomatic Missions and Consular posts in the manner as stated below :

(a) Birthday of the Holy Prophet (Eid-e-Milad-Un-Nabi).

(b) Historic 7th March Day on the 7th March.

(c) Independence Day on the 26th March.

(d) Victory Day on the 16th December.

(e) Any other day as may be notified by the Government." ।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খন্দকার আনোয়ারুল ইসলাম**
মন্ত্রিপরিষদ সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ/২৫ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নম্বর ৯০-আইন/২০২৩।**—Bangladesh National Anthem, Flag and Emblem Order, 1972 (President's Order No. 130 of 1972) এর Article 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, People's Republic of Bangladesh Flag Rules, 1972 এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত Rules এর rule 4 এর paragraph I এর পরিবর্তে নিম্নরূপ paragraph I প্রতিস্থাপিত হইবে, যথা:—

"I. On the following days and occasions 'Bangladesh Flag' shall be flown on public and private buildings throughout Bangladesh and the office premises of Bangladesh Diplomatic Missions and Consular posts in the manner as stated below:

(a) Birthday of the Holy Prophet (Eid-e-Milad-Un-Nabi).

(b) Historic 7th March Day on the 7th March.

(c) Birthday of the Father of the Nation and National Children's Day on the 17th March.

(d) Independencc Day on the 26th March.

(e) Victory Day on the 16th December.

(f) Any other day as may be notified by the Government."।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মাহবুব হোসেন**

মন্ত্রিপরিষদ সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

**তারিখ : ২৫ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ/০৯ আগস্ট, ২০২৩ খ্রিষ্টাব্দ**

**এস. আর. ও. নং-২৪৭-আইন/২০২৩।**—Bangladesh National Anthem, Flag and Emblem Order, 1972 (President's Order No. 130 of 1972) এর Article 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার People's Republic of Bangladesh Flag Rules, 1972 এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত Rules এর rule 7 এর paragraph XII এর পরিবর্তে নিম্নরূপ paragraph XII প্রতিস্থাপিত হইবে, যথা:—

"XII. The flags when flown at half-mast shall first be hoisted to the peak of the flagpole for an instant and then fixed by lowering it down equal to the length of one-fourth of the flagpole. The flag shall again be raised to the peak before it is lowered for the day.

Example-1: If the flagpole is 24 feet in length the distance between the top of the flagpole and top of the flag will be 6 feet.

Example-2: If the flagpole is 28 feet in length the distance between the top of the flagpole and top of the flag will be 7 feet."।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**মোঃ মাহবুব হোসেন**
মন্ত্রিপরিষদ সচিব।

বি.জি. প্রেস-২৮৩৯/২০২৩-২৩ (কম-সি২)—২৫০ বই, ২০২৩।

**[PEOPLE'S REPUBLIC OF BANGLADESH FLAG RULES, 1972**
**(Revised up to August, 2023) এর অনূদিত বাংলা পাঠ]**



মন্ত্রিপরিষদ বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

[PEOPLE’S REPUBLIC OF BANGLADESH FLAG RULES, 1972
(Revised up to August, 2023) এর অনূদিত বাংলা পাঠ]

মন্ত্রিপরিষদ বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

[People's Republic of Bangladesh Flag Rules, 1972
(Revised up to August, 2023) এর অনূদিত বাংলা পাঠ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রাষ্ট্রপতির সচিবালয়
মন্ত্রিপরিষদ বিভাগ

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের পতাকা বিধিমালা**

১। **শিরোনাম এবং কার্যকর হইবার তারিখ।**—

(ক) এই বিধিমালা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের পতাকা বিধিমালা, ১৯৭২ নামে পরিচিত হইবে।

(খ) এই বিধিমালা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—প্রসঙ্গের প্রয়োজনে ভিন্নরূপ কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়, —

(১) "পতাকা" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের 'জাতীয় পতাকা'।

৩। **'পতাকা'র আয়তন এবং বর্ণনা।**—

'জাতীয় পতাকা' গাঢ় সবুজ রঙের হইবে এবং ১০:৬ দৈর্ঘ্য ও প্রস্থের আয়তক্ষেত্রাকার সবুজ রঙের মাঝখানে একটি লাল বৃত্ত থাকিবে। লাল বৃত্তটি পতাকার দৈর্ঘ্যের এক-পঞ্চমাংশ ব্যাসার্ধ বিশিষ্ট হইবে। পতাকার দৈর্ঘ্যের নয়-বিংশতিতম অংশ হইতে অঙ্কিত উল্লম্ব রেখা এবং পতাকার প্রস্থের মধ্যবর্তী বিন্দু হইতে অঙ্কিত আনুভূমিক রেখার পরস্পর ছেদ বিন্দুতে বৃত্তের কেন্দ্র বিন্দু হইবে।

(১) রং:

(ক) পতাকার সবুজ পটভূমি হইবে প্রতি হাজারে প্রোসিয়ন ব্রিলিয়ান্ট গ্রীন এইচ-২ আর এস ৫০ পার্টস।

(খ) লাল বৃত্তকার অংশ হইবে প্রতি হাজারে প্রোসিয়ন ব্রিলিয়ান্ট অরেঞ্জ এইচ-২ আর এস ৬০ পার্টস।

(২) ভবনে ব্যবহারের জন্য 'পতাকা'র আয়তন:

(ক) ১০′×৬′ ;

(খ) ৫′×৩′ ;

(গ) ২$\frac{১}{২}$′ × ১$\frac{১}{২}$′।

[১][সরকার ভবনের আয়তন অনুযায়ী এবং প্রয়োজনে দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত ঠিক রাখিয়া বড় আয়তনের পতাকা প্রদর্শনের অনুমতি প্রদান করিতে পারিবে]

(৩) গাড়ীতে ব্যবহারের জন্য 'পতাকা'র আয়তন:

(ক) ১৫″ × ৯″ ............. বড় গাড়ীর জন্য;

(খ) ১০″ × ৬″ ............. ছোট এবং মাঝারি আকারের গাড়ীর জন্য।

---

নোট:—[১]এস.আর.ও. ১৮৫-আইন/৮৯, তারিখ ১৩ জুন, ১৯৮৯ দ্বারা সংশোধিত।

(৪) আন্তর্জাতিক এবং দ্বিপাক্ষিক কনফারেন্সের জন্য 'টেবিল পতাকা'র আয়তন ১০″ × ৬″।

**ব্যাখ্যা:**

(ক) পতাকার দৈর্ঘ্য ১০´ হইলে প্রস্থ হইবে ৬´ ;

(খ) 'পতাকা'র লাল বৃত্তের ব্যাসার্ধ হইবে ২´ ;

(গ) বামদিক হইতে 'পতাকা'র দৈর্ঘ্যের ৪ $\frac{১}{২}$´ হইতে একটি উল্লম্ব রেখা টানিতে হইবে এবং পতাকার প্রস্থের মধ্যভাগ হইতে একটি আনুভূমিক রেখা টানিতে হইবে;

(ঘ) এই উভয় রেখার ছেদ বিন্দুটি হইবে লাল বৃত্তের কেন্দ্র।

৪। **যে সকল উপলক্ষে বাংলাদেশের পতাকা উত্তোলিত হইবে।—**

[১][(১) নিম্নবর্ণিত দিবস এবং উপলক্ষে বাংলাদেশের সর্বত্র সরকারি ও বেসরকারি ভবনসমূহে এবং বিদেশে অবস্থিত কূটনৈতিক মিশনের অফিস ও কনস্যুলার পোস্টসমূহে নিম্নরূপ পদ্ধতিতে বাংলাদেশের পতাকা উত্তোলন করিতে হইবে :

(ক) মহানবীর জন্ম দিবস (ঈদ-এ-মিলাদুন্নবী)।

(খ) ঐতিহাসিক ৭ই মার্চ।

(গ) ১৭ই মার্চ জাতির পিতার জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস।

(ঘ) ২৬শে মার্চ স্বাধীনতা দিবস।

(ঙ) ১৬ই ডিসেম্বর বিজয় দিবস।

(চ) সরকার কর্তৃক প্রজ্ঞাপিত অন্য যে কোন দিবস।]

[২][(২) নিম্নবর্ণিত দিবসসমূহে 'পতাকা' অর্ধনমিত থাকিবে:

(ক) ২১শে ফেব্রুয়ারি শহীদ দিবস;

(খ) ১৫ই আগস্ট জাতীয় শোক দিবস; এবং

(গ) সরকার কর্তৃক প্রজ্ঞাপিত অন্য যে কোন দিবস।]

৫। যে সকল দেশে বাংলাদেশ মিশন অবস্থিত সেই সকল দেশের প্রথা অনুসারে, বিদেশে অবস্থিত বাংলাদেশ কূটনৈতিক মিশনসমূহ এবং কনস্যুলার পোস্টসমূহে পতাকা উত্তোলন করা হইবে। যে সকল দেশে প্রতিদিন পতাকা উত্তোলনের প্রথা নাই, সেই সকল দেশে যে যে দিবসে সাধারণত পতাকা উত্তোলন করা হয়, সেই সকল দিবসে এবং ৪নং বিধিতে উল্লিখিত নির্দিষ্ট দিবসসমূহে বাংলাদেশের পতাকা উত্তোলন করা হইবে। কিন্তু যে সকল দেশে প্রতিদিন পতাকা উত্তোলন করা হয়, সেই সকল দেশে একটি বিশেষ বড় পতাকা উত্তোলন করিতে হইবে।

৬। **সরকারি ভবন, অফিসিয়াল বাসস্থান, মোটরযান প্রভৃতিতে 'পতাকা'র ব্যবহার।—**

(১) গুরুত্বপূর্ণ সরকারি ভবন এবং অফিসসমূহ, যেমন-রাষ্ট্রপতির বাসভবন, সংসদ ভবন প্রভৃতি, সকল মন্ত্রণালয় এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সচিবালয় ভবনসমূহ, হাইকোর্টের অফিসসমূহ, জেলা ও দায়রা জজ আদালতসমূহ, বিভাগীয় কমিশনার, ডেপুটি কমিশনার/ কালেক্টর, চেয়ারম্যান, উপজেলা পরিষদের অফিসসমূহ, কেন্দ্রীয় এবং জেলা কারাগারসমূহ, পুলিশ স্টেশন, [৩][শুল্ক পোস্টসমূহ, প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান এবং এইরূপ অন্যান্য ভবন] এবং সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত ভবনসমূহে সকল কর্মদিবসে 'বাংলাদেশের পতাকা' উত্তোলন করা হইবে।

---

**নোট:—**১। এস,এর,ও, ৯০-আইন/২০২৩, তারিখ: ২৫ এপ্রিল ২০২৩ দ্বারা সংশোধিত।

২। এস,এর,ও, ২৪৫-আইন/২০০৮-মপবি-৫/১/২০০৭-বিধি, তারিখ: ১১ আগস্ট ২০০৮ দ্বারা সংশোধিত।

৩। নং মপবি-৫/১/৮৮-বিধি(অংশ-২)-২৮, তারিখ: ২৮ ফেব্রুয়ারি, ২০০১ দ্বারা সংশোধিত।

[1][(২) নিম্নবর্ণিত ব্যক্তিবর্গের অফিসিয়াল বাসভবনে 'পতাকা' উত্তোলন করা হইবে:

(ক) রাষ্ট্রপতি;
(খ) প্রধানমন্ত্রী;
(গ) জাতীয় সংসদের স্পীকার;
(ঘ) বাংলাদেশের প্রধান বিচারপতি;
(ঙ) মন্ত্রীবর্গ;
(চ) চীফ হুইপ;
(ছ) জাতীয় সংসদের ডেপুটি স্পীকার;
(জ) জাতীয় সংসদের বিরোধী দলীয় নেতা;
(ঝ) মন্ত্রীর পদমর্যাদাসম্পন্ন ব্যক্তিবর্গ;
(ঞ) প্রতিমন্ত্রীবর্গ;
(ট) প্রতিমন্ত্রীর পদমর্যাদাসম্পন্ন ব্যক্তিবর্গ;
(ঠ) উপমন্ত্রীবর্গ;
(ড) উপমন্ত্রীর পদমর্যাদাসম্পন্ন ব্যক্তিবর্গ;
(ঢ) বিদেশে অবস্থিত বাংলাদেশ কূটনৈতিক /কনস্যুলার /মিশনসমূহের প্রধানগণ;
(ণ) রাঙামাটি, খাগড়াছড়ি এবং বান্দরবান জেলার স্থানীয় সরকার পরিষদের চেয়ারম্যানগণ।

(৩) রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী তাঁহাদের মোটরযান, জলযান এবং উড়োজাহাজে 'বাংলাদেশের পতাকা' উত্তোলন করিবার অধিকারী হইবেন।

(৪) নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ তাঁহাদের মোটর গাড়ী ও জলযানে 'বাংলাদেশের পতাকা' উত্তোলন করিবার অধিকারী হইবেন:

(ক) জাতীয় সংসদের স্পীকার;
(খ) বাংলাদেশের প্রধান বিচারপতি;
(গ) মন্ত্রীবর্গ;
(ঘ) চীফ হুইপ;
(ঙ) জাতীয় সংসদের ডেপুটি স্পীকার;
(চ) জাতীয় সংসদের বিরোধী দলীয় নেতা;
(ছ) মন্ত্রীর পদমর্যাদাসম্পন্ন ব্যক্তিবর্গ;
(জ) বিদেশে অবস্থিত বাংলাদেশ কূটনৈতিক/কনস্যুলার/মিশনসমূহের প্রধানগণ।

(৫) প্রতিমন্ত্রী এবং প্রতিমন্ত্রীর পদমর্যাদাসম্পন্ন ব্যক্তিবর্গ, উপমন্ত্রী এবং উপমন্ত্রীর পদমর্যাদাসম্পন্ন ব্যক্তিবর্গ রাজধানীর বাহিরে দেশের অভ্যন্তরে অথবা বিদেশে ভ্রমণকালীন সময়ে তাঁহাদের মোটরযান এবং জলযানে 'বাংলাদেশের পতাকা' উত্তোলনের অধিকারী হইবেন।

নোট: কেবলমাত্র সংশ্লিষ্ট সম্মানিত ব্যক্তি মোটরযান বা জলযানে অবস্থানকালীন সময়ে 'পতাকা' উত্তোলন করা হইবে।

৭। **'পতাকা'র সম্মান বজায় রাখা।—**

(১) সর্বদা পতাকার প্রতি যথাযথ সম্মান ও মর্যাদা প্রদর্শন করিতে হইবে।

(২) পতাকা দ্বারা মোটরযান, রেলগাড়ী অথবা নৌযানের খোল, সম্মুখভাগ অথবা পশ্চাদভাগ কোন অবস্থাতেই আচ্ছাদিত করা যাইবে না।

---

নোট:—১। নং মপবি-৫/১/৮৮-বিধি(অংশ-২)-২৮, তারিখ ২৮ ফেব্রুয়ারি, ২০০১।

(৩) যেক্ষেত্রে অন্যান্য দেশের পতাকা অথবা রঙিন পতাকার সহিত 'বাংলাদেশের পতাকা' উত্তোলন করা হয়, সেইক্ষেত্রে বাংলাদেশের পতাকাকে সম্মান প্রদর্শনের জন্য স্থান সংরক্ষিত থাকিবে।

(৪) যেক্ষেত্রে কেবলমাত্র দুইটি পতাকা অথবা রঙিন পতাকা উত্তোলন করা হয়, সেইক্ষেত্রে 'বাংলাদেশের পতাকা' ভবনের ডানদিকে উত্তোলন করা হইবে।

(৫) যেক্ষেত্রে পতাকার সংখ্যা দুইয়ের অধিক হয়, সেইক্ষেত্রে অযুগ্ম সংখ্যক পতাকার ক্ষেত্রে 'বাংলাদেশের পতাকা' মধ্যখানে এবং যুগ্ম সংখ্যক পতাকার ক্ষেত্রে 'বাংলাদেশের পতাকা' মধ্যভাগের ডানদিকে উত্তোলন করা হইবে।

(৬) যেক্ষেত্রে 'বাংলাদেশের পতাকা' অন্য পতাকার সহিত আড়াআড়িভাবে কোন দণ্ডে দেয়ালের বিপরীতে উত্তোলন করা হয়, সেইক্ষেত্রে বাংলাদেশের পতাকা অন্য পতাকার ডানদিকে আড়াআড়িভাবে থাকিবে (আড়াআড়িভাবে যুক্ত পতাকা দুইটির দিকে মুখ করিয়া দণ্ডায়মান ব্যক্তির বামদিকে) এবং পতাকা দণ্ডটি অন্য পতাকা দণ্ডের সম্মুখভাগে স্থাপিত হইবে।

(৭) 'বাংলাদেশের পতাকা'র উপরে অন্য কোন পতাকা বা রঙিন পতাকা উত্তোলন করা যাইবে না।

(৮) 'বাংলাদেশের পতাকা' শোভাযাত্রার মধ্যভাগে বহন করা হইবে অথবা সৈন্য দলের অগ্রগমন পথে (Line of March) শোভাযাত্রার ডানদিকে বহন করা হইবে।

(৯) মর্যাদার প্রতীক সম্বলিত ঢালে (escutcheons) অযুগ্ম সংখ্যক পতাকার ক্ষেত্রে 'বাংলাদেশের পতাকা' মধ্যভাগে এবং সর্বোচ্চ কেন্দ্রে থাকিবে এবং যুগ্ম সংখ্যক পতাকার ক্ষেত্রে ঢালের ডানদিকে শীর্ষে (ঢালের দিকে মুখ করিয়া দণ্ডায়মান ব্যক্তির বামদিকে) বাংলাদেশের পতাকা স্থাপন করা হইবে।

(১০) যেক্ষেত্রে অন্য কোন দেশের সহিত 'বাংলাদেশের পতাকা' একত্রে উত্তোলন করা হয়, সেইক্ষেত্রে 'বাংলাদেশের পতাকা' প্রথমে উত্তোলন করিতে হইবে এবং নামাইবার সময় সর্বশেষে নামাইতে হইবে।

(১১) যেক্ষেত্রে দুই বা ততোধিক দেশের পতাকা প্রদর্শিত হয়, সেইক্ষেত্রে প্রতিটি পতাকা পৃথক পৃথক দণ্ডে উত্তোলন করা হইবে এবং পতাকাসমূহ প্রায় সমান আয়তনের হইবে।

(১২) [১][যেক্ষেত্রে 'বাংলাদেশের পতাকা' অর্ধনমিত থাকে, সেইক্ষেত্রে পতাকাটি প্রথমে স্বল্প সময়ের জন্য পতাকা-দণ্ডের সর্বোচ্চ চূড়া পর্যন্ত উত্তোলন করা হইবে; অতঃপর পতাকাটিকে পতাকা-দণ্ডের দৈর্ঘ্যের এক-চতুর্থাংশ পরিমাণ নামাইয়া স্থাপন করা হইবে। ঐ দিবসে নামাইবার সময় পুনরায় পতাকা-দণ্ডের উপরিভাগ পর্যন্ত উত্তোলন করা হইবে; অতঃপর নামাইতে হইবে।

উদাহরণ-১: যদি পতাকা-দণ্ড ২৪ ফুট দৈর্ঘ্যের হয় তবে পতাকা-দণ্ডের সর্বোচ্চ চূড়া ও অর্ধনমিত পতাকার উপরিভাগের ব্যবধান ৬ ফুট হইবে।

উদাহরণ-২: যদি পতাকা-দণ্ড ২৮ ফুট দৈর্ঘ্যের হয় তবে পতাকা-দণ্ডের সর্বোচ্চ চূড়া ও অর্ধনমিত পতাকার উপরিভাগের ব্যবধান ৭ ফুট হইবে।]

---

নোট:—[১] এস. আর. ও. নং-২৪৭-আইন/২০২৩; তারিখ: ০৯ আগস্ট ২০২৩ দ্বারা সংশোধিত।

(১৩) যেক্ষেত্রে দণ্ডের উপর ব্যতীত অন্যভাবে কোন দেয়ালের উপর 'পতাকা' প্রদর্শিত হয়, সেইক্ষেত্রে উহা দেয়ালের সমতলে প্রদর্শিত হইবে। কোন পাবলিক অডিটোরিয়াম বা সভায় 'পতাকা' প্রদর্শন করিতে হইলে উহা বক্তার পশ্চাতে উপরের দিকে প্রদর্শিত হইবে। যেক্ষেত্রে রাস্তার মধ্যখানে পতাকা প্রদর্শিত হয়, সেইক্ষেত্রে উহা খাড়াভাবে প্রদর্শিত হইবে।

(১৪) কবরস্থানে 'জাতীয় পতাকা' নীচু করা যাইবে না বা ভূমি স্পর্শ করান যাইবে না।

(১৫) 'পতাকা' কোন ব্যক্তি বা জড় বস্তুর দিকে নিম্নমুখী করা যাইবে না।

(১৬) 'পতাকা' কখনই উহার নিচের কোন বস্তু যেমন: মেঝে, পানি বা পণ্যদ্রব্য স্পর্শ করিবে না।

(১৭) 'পতাকা' কখনই আনুভূমিকভাবে বা সমতলে বহন করা যাইবে না, সর্বদাই ঊর্ধ্বে এবং মুক্তভাবে থাকিবে।

(১৮) 'বাংলাদেশের পতাকা' কোন কিছুর আচ্ছাদন হিসাবে ব্যবহার করা যাইবে না, তবে শর্ত থাকে যে, কোন বিশিষ্ট ব্যক্তি যাঁহাকে পূর্ণ সামরিক মর্যাদা বা পূর্ণ আনুষ্ঠানিকতাসহ সমাধিস্থ করা হয়, তাঁহার শবযানে পতাকা আচ্ছাদনের অনুমোদন প্রদান করা যাইতে পারে।

(১৯) 'পতাকা' এমনভাবে উত্তোলন, প্রদর্শন, ব্যবহার বা সংরক্ষণ করা যাইবে না, যাহাতে উহা সহজেই ছিঁড়িয়া যাইতে পারে বা যে কোনভাবে ময়লা বা নষ্ট হইতে পারে।

(২০) কোন কিছু গ্রহণ, ধারণ, বহন বা বিলি করিবার নিমিত্ত 'পতাকা' ব্যবহার করা যাইবে না।

(২১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক আরোপিত কোন শর্তাবলী (যদি থাকে) এবং লিখিত অনুমোদন ব্যতীত, কোন ধরনের ব্যবসা-বাণিজ্য, সম্বোধন, পেশা বা অন্য যে কোন উদ্দেশ্যে বাংলাদেশের 'পতাকা' কোন ট্রেড মার্ক, ডিজাইন, শিরোনাম অথবা কোন প্যাটেন্ট হিসাবে ব্যবহার করা যাইবে না।

(২২) যেক্ষেত্রে 'পতাকা'র অবস্থা এমন হয় যে, উহা আর ব্যবহার করা না যায়, সেইক্ষেত্রে উহা মর্যাদাপূর্ণভাবে, বিশেষ করিয়া সমাধিস্থ করিয়া, নিষ্পত্তি করিতে হইবে।

(২৩) 'পতাকা' দ্রুততার সহিত উত্তোলন করিতে হইবে এবং সসম্মানে নামাইতে হইবে।

(২৪) 'পতাকা' উত্তোলন ও নামাইবার সময় এবং প্যারেড পরিক্রমণ ও পরিদর্শনের সময় উপস্থিত সকলে 'পতাকা'র দিকে মুখ করিয়া সোজা হইয়া দাঁড়াইবেন।

(২৫) যেক্ষেত্রে আনুষ্ঠানিকভাবে 'পতাকা' উত্তোলন করা হয়, সেইক্ষেত্রে একই সাথে জাতীয় সঙ্গীত গাইতে হইবে। যখন জাতীয় সঙ্গীত বাজানো হয় এবং 'জাতীয় পতাকা' প্রদর্শিত হয়, তখন উপস্থিত সকলে 'পতাকা'র দিকে মুখ করিয়া দাঁড়াইবেন। ইউনিফর্মধারীরা স্যালুটরত থাকিবেন। 'পতাকা' প্রদর্শন না করা হইলে, উপস্থিত সকলে বাদ্য যন্ত্রের দিকে মুখ করিয়া দাঁড়াইবেন, ইউনিফর্মধারীরা জাতীয় সঙ্গীতের শুরু হইতে শেষ পর্যন্ত স্যালুটরত থাকিবেন।

(২৬) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুমতি ব্যতীত, 'জাতীয় পতাকা' অর্ধনমিত করা যাইবে না, তবে শর্ত থাকে যে, বিদেশস্থ বাংলাদেশ মিশনের প্রধান (যে দেশের নিকট তিনি আস্থাভাজন) ইচ্ছা করিলে ঐ সকল দিবসে 'পতাকা' অর্ধনমিত রাখিতে পারিবেন, যে সকল দিবসে উক্ত দেশে, সরকারিভাবে 'পতাকা' অর্ধনমিত রাখা হয়।

৮। **সাধারণ নির্দেশাবলি।—**

(১) মোটর গাড়ী, নৌযান এবং উড়োজাহাজ ব্যতীত অন্যান্য ক্ষেত্রে শুধুমাত্র সূর্যোদয় হইতে সূর্যাস্ত পর্যন্ত 'পতাকা' উত্তোলিত থাকিবে, তবে শর্ত থাকে যে, বিশেষ কারণে ভবনসমূহে রাত্রে 'পতাকা' উত্তোলিত রাখা যাইতে পারে, যেমন- সংসদের রাত্রের অধিবেশন চলাকালীন অথবা রাষ্ট্রপতি, অথবা মন্ত্রীগণের শপথ গ্রহণ অনুষ্ঠান চলাকালীন সময়।

(২) যেক্ষেত্রে মোটর গাড়ীতে 'পতাকা' প্রদর্শন করা হয়, সেইক্ষেত্রে গাড়ীর চেসিস অথবা রেডিয়েটর ক্যাপের ক্ল্যাম্পের সহিত পতাকা দন্ড দৃঢ়ভাবে আটকাইতে হইবে।

(৩) 'পতাকা'র উপর কোন কিছু লিপিবদ্ধ করা যাইবে না বা ছাপান যাইবে না। কোন অনুষ্ঠান বা অন্য কোন উপলক্ষে 'পতাকা'র উপর কোন কিছু লিপিবদ্ধ করা যাইবে না।

(৪) উপরে বর্ণিত এবং সময়ে সময়ে পরিবর্তিত উক্ত বিধিসমূহের অনুসরণ ব্যতীত, অন্য কোনভাবে 'পতাকা' ব্যবহার করা যাইবে না।

(৫) সেনা, নৌ ও বিমান বাহিনী কর্তৃক 'পতাকা'র ব্যবহার এতদুদ্দেশ্যে প্রণীত বিশেষ বিধিমালা দ্বারা পরিচালিত হইবে।

৯। **বাংলাদেশে বিদেশি পতাকার ব্যবহার।—**

(১) বাংলাদেশে অবস্থিত কূটনৈতিক মিশনসমূহের চ্যান্সারী ভবন এবং কনস্যুলার অফিসসমূহে বিদেশের 'জাতীয় পতাকা' উত্তোলন করা যাইতে পারে। অধিকন্তু, কূটনৈতিক মিশনসমূহের প্রধানগণ তাঁহাদের সরকারি ভবন এবং মোটর গাড়ীতে তাঁহাদের 'জাতীয় পতাকা' উত্তোলন করিতে পারিবেন।

(২) বাংলাদেশে রাষ্ট্রীয় ভ্রমণকালীন সময়ে নিম্নবর্ণিত শ্রেণির সম্মানিত বিদেশি ব্যক্তিগণ তাঁহাদের নিজস্ব পতাকা (Personal Standards) অথবা নিজস্ব পতাকা না থাকিলে তাঁহাদের দেশের জাতীয় পতাকা তাঁহাদের অফিসিয়াল বাসভবনে এবং মোটর গাড়ীতে উত্তোলন করিতে পারিবেন:

(ক) রাষ্ট্রপ্রধান;

(খ) ভ্রমণরত প্রধানমন্ত্রী;

(গ) বিদেশি সরকারের মন্ত্রীবর্গ।

(৩) বাংলাদেশে অবস্থিত কূটনৈতিক মিশনসমূহ কোন উপলক্ষে, যেমন-জাতীয় দিবসসমূহে কূটনৈতিক মিশন প্রধানের বাসভবন বা চ্যান্সারী ব্যতীত, যে স্থানে সামাজিক অনুষ্ঠানের আয়োজন করা হইবে, সেইস্থানে তাঁহাদের জাতীয় পতাকা উত্তোলন করিতে পারিবে, তবে শর্ত থাকে যে, সেইক্ষেত্রে বাংলাদেশের 'পতাকা'ও সম্মানজনক স্থানে পাশাপাশি উত্তোলন করিতে হইবে।

**নোট:** উপরিউক্ত বিধিতে উল্লিখিত সুবিধাদি কেবলমাত্র সেই সকল দেশের ক্ষেত্রে প্রযোজ্য হইবে যাহারা পারস্পরিক আলোচনার ভিত্তিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশকেও অনুরূপ সুবিধা প্রদান করিবে।

(৪) উপরিউক্ত বিধিসমূহের বর্ণনা ব্যতীত, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সুনির্দিষ্ট অনুমোদন ব্যতীত, বিদেশি রাষ্ট্রের পতাকা কোন গাড়ীতে বা ভবনে উত্তোলন করা যাইবে না।

বি.জি. প্রেস-২৮৩৮/২০২৩-২৪/(কম-সি২)—২৫০ বই, ২০২৩।